SMC News
A Quarterly Publication
Issue 26, July to September 2018

Helping you live better
SOCIAL MARKETING COMPANY

# SMC recognized Blue Star Providers in the Regional Meeting at Cox's Bazar




SMC organized a regional meeting with Blue Star Providers (BSPs) on September 15, 2018 in Cox's Bazar. A total of 180 Blue Star Providers from Cox's Bazar, Rangamati, Khagrachhari and Bandarban districts attended the event. Objectives of the meeting were to share best practices with each other, recognize good providers and find out ways forward to improve performance. SMC recognized eight BSPs for their good performances over the last one year. They shared their experiences and best practices in the meeting. Blue Star providers participated in the event actively and put forward some suggestions to make the network more effective in future. The effect of Rohingya influx in the local community and how to address it, was also discussed in the meeting.

Mr. Siddiqur Rahman Choudhury, Chairman of the Board of Directors of SMC and SMC Enterprise Ltd attended the meeting as the chief guest. Mr. Md. Ali Reza Khan, MD & CEO, SMC; Mr. Toslim Uddin Khan, Chief of Program Operations, SMC and other high officials were also present at the meeting. The meeting was very instrumental in mutual learning and increasing the motivation of the Blue Star providers which in turn would help increase the overall program performance of the region.

# Our effort continues to popularize LARC




SMC is implementing Pink Star Program to offer IUD and Implant services through private sector doctors under USAID-Marketing Innovations for Sustainable Health Development Program. An experience sharing and performance review meeting with doctors of Pink Star Program of Mymensingh region was held on July 9, 2018. The meeting reviewed performance of providers, shared best practices, lessons learned and discussed on ways forward to improve performance of Long Acting and Reversible Contraceptives through them. Civil Surgeon of Mymensingh, Dr. A. K. M. Abdur Rob; Chief of Program Operations of SMC, Mr. Toslim Uddin Khan; immediate past Secretary General of Obstetrical and Gynaecological Society of Bangladesh Prof. Farhana Dewan were among others who attended the event.


# SMC ties up with Masthead PR

Social Marketing Company has recently appointed Masthead PR as its corporate affairs agency. Under the deal, Masthead PR will provide exclusive PR planning and corporate affairs solutions to SMC. An agreement to this effect was signed between the two parties at the SMC Head Office in Dhaka on September 3, 2018. Mr. Shafi Uddin Ahmed FCA, Chief of Finance and Accounts (CFA), SMC and Salma Adil, Executive Director, Masthead PR signed the agreement on behalf of their respective companies. Mr. Md. Ali Reza Khan, Managing Director and CEO, SMC along with other high officials of both organizations were present at the occasion.




# Latest technology benefits our field operation

As a part of business automation process, the overall field operations of SMC and its for-profit subsidiary, SMC Enterprise Limited have been made paperless recently using the latest mobile and web-based software applications. The sales team of Consumer, Pharmaceutical and Program operations are using the applications for their daily activities named 'e-Sales,' 'e-Pharma' and 'eFORT' respectively. All field officials of the organization are smoothly utilizing these state of the art applications, which have expedited the decision making process of the company. The MIS & IT team of SMC has ensured uninterrupted function of the applications with smooth services to the end users. These automations helped the sales forces to generate electronic sales invoices using smartphones and managing product inventory levels. SMC management is now able to obtain real time analysis of business information utilizing the Geographical Information Systems (GIS) and Global Positioning System (GPS). This initiative will certainly enhance the company's growth and efficiency and our endeavors will continue to introduce updated technology and systems always to maximize our business with the pace of updated global trend.










# Highlighted SMC in WPD-2018



The World Population Day-2018 was observed across the country on July 11, 2018 under the leadership of the Ministry of Health and Family Welfare. The main event of the day took place at the Osmani Memorial Auditorium in Dhaka where the Honorable Speaker of the National Parliament, Dr. Shirin Sharmin Chaudhury, MP was present as the chief guest. SMC had a stall at the event venue where it showcased its public health products and programs. Hon'ble Speaker visited the SMC stall along with the State Minister, Ministry of Health and Family Welfare and other dignitaries. She applauded SMC for its outstanding contribution to the national family planning program including health and nutrition. Alongside, SMC also participated in the day's events in 13 low-performing MISHD intervention districts together with the government and NGOs/INGOs.

To commemorate the significance of the day, a TV talk-show was jointly organized by SMC and Shornokishoree Network Foundation which was aired on Channel-i on 11th July highlighting the nexus between family planning and human rights. The talk-show was participated by the Hon'ble State Minister for Ministry of Health and Family Welfare, Mr. Zahid Maleque, MP along with high-level policy makers and population experts.



## Joya and Taste Me in schools

In association with Joya brand, SMC carried out a menstrual hygiene training program in 60 girls schools all over Bangladesh to educate girls on proper hygiene and sanitation during their menstrual cycle. The training was intended to make the students understand and overcome the challenges, dilemmas and fears they face during the cycle. Taste Me also participated as a refreshment partner in this astounding initiative where 30,000 students were given free packs of Taste Me.

## Taste Me refreshed Notre Dame campus

Notre Dame College organized its Annual Science Festival 2018 at their campus from August 30 to September 1, 2018. Approximately 13,000 participants including students, alumni and guardians were present at the fair. SMC's Taste Me participated as refreshment partner and created excitement in the crowd with free samples.



## SMC scored high in local TV channels during World Cup

Different brands under the Consumer Marketing Department of SMC Enterprise Ltd made its presence felt in the live telecast of the FIFA World Cup 2018 which was held during June 14 to July 15, 2018 in Russia. ORSaline-N, Taste Me and Bolt television commercials were aired during the live telecast of this major event on Maasranga and Nagorik satellite TV channels. In order to obtain the maximum viewership, Taste Me launched a new TVC especially for the FIFA World Cup.

## New NGMPs enrolled under Blue Star Network in 2018




Facilitators from AITAM Welfare Organization, a well known and reputed training institution, conducted training sessions under the direct supervision of SMC and Clinical Contraceptive Service Delivery (CCSDP) Unit of DGFP. Line Directors, Program Managers of CCSDP/DGFP observed training events in different districts. Training curriculum covers family planning contraceptive methods, maternal, child health and nutrition including growth monitoring of under-five children, referral for LARC/PM and suspected case of tuberculosis. Currently, 6,800 Blue Star providers from most of the upazilas of the country are offering public health priority services in their respective communities under their network.

SMC Blue Star Program enrolled 1,020 new non-graduate medical practitioners through conducting basic training across the country in 2018.

# Rangpur Area Office promotes personal hygiene among lady constables



The Rangpur Area Office of SMC EL arranged a session on 'Personal Hygiene' with the Trainee Lady Constables at the Police Training Centre in Rangpur on July 11, 2018. More than 1,200 lady constables attended the session. Dr. Munira Begum, Lecturer of Rangpur Medical College was present as the Keynote Speaker of the session. Traditionally, girls and young ladies from the lower middle income group are less familiar with the concept of menstruation management.

Dr. Munira elaborately discussed the hygiene concept, social barriers and threats of unhygienic management during menstrual cycles. The program was inaugurated by Mr. M. Mahbub Alam, PPM, Additional DIG and Commandant of the Police Training Center, Rangpur. He expressed his gratitude and thanked SMC for arranging such an essential and important program. He also requested SMC to continue the training program for the greater interest of the nation. Among others, officials of SMC's Rangpur Area Office and the Police Training Centre attended the program.

# Skilled human resources mean a lot to us



SMC organized a five-day workshop on 'Presentation and Writing Skill' in Dhaka during July 1 - 5, 2018. A total of 23 mid-level officials from SMC and SMC Enterprise Ltd attended the workshop. Two consultants of Population Services International facilitated the training sessions. The training was organized to enhance the capacity of the staff on writing and oral presentation skills. The participants learned modern techniques on writing skills including official communication and presentations in the workshop. Mr. Md. Ali Reza Khan, Managing Director & CEO, SMC distributed certificates among the participants at the end of the workshop.

# New pharma products in the market

The Pharmaceutical Division of SMC Enterprise Ltd started its journey in August 2017 with the key objective of "No one should suffer, especially the less-privileged due to lack of affordable quality medicine." The slogan that will drive SMC's pharmaceutical business is "providing quality medicine for all" irrespective of socio-economic status and ability to pay. It promotes 18 products in the market which includes anti-ulcerant, NSAIDs, anti-histamine, anti-asthmatic, anti-spasmodic and mineral supplement. These drugs belong to both the OTC category as well as the selective therapeutic class. In July 2018, SMC Pharmaceutical Division launched three new products:




- SMC Zinc Syrup (To enhance growth, develop brain function and improve immune system)
- Moticare (For the treatment of nausea, vomiting, gas and bloating, postprandial fullness, GERD, heartburn, etc.)
- Kofmelt Syrup (For the treatment of cough with mucus)

With the philosophy "profit must primarily contribute to social betterment" our pharma division is taking all initiatives to fulfill the objective.

Adviser: Md. Ali Reza Khan; Developed and circulated by: Corporate Affairs Department; Acknowledgement: All departments for providing information. Address: SMC Tower, 33 Banani C/A, Dhaka-1213, Bangladesh.
PABX: +(8802) 9821074-80, 9821090, 9821093, web: **www.smc-bd.org**

# এসএমসি নিউজ

একটি ত্রৈমাসিক প্রকাশনা

ইস্যু ২৬, জুলাই-সেপ্টেম্বর ২০১৮

Helping you live better

SOCIAL MARKETING COMPANY


## কক্সবাজারে আঞ্চলিক সভায় ব্লু-স্টার প্রোভাইডারদের স্বীকৃতি প্রদান




এসএমসি গত ১৫ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে কক্সবাজারে ব্লু-স্টার প্রোভাইডারদের (বিএসপি) নিয়ে রিজিওনাল মিটিং এর আয়োজন করে। কক্সবাজার, রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান জেলার মোট ১৮০ জন ব্লু-স্টার প্রোভাইডার অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। সভার উদ্দেশ্য ছিলো একে অপরের সাথে তাদের বেস্ট প্র্যাকটিসগুলো শেয়ার করা, ভালো প্রোভাইডারদেরকে স্বীকৃতি প্রদান এবং পারফরম্যান্স উন্নত করার বিষয়বস্তু আলোচনা করা। গত এক বছরের ভালো পারফরম্যান্সের জন্য আটজন প্রোভাইডারকে এসএমসি স্বীকৃতি দেয়। সভায় তারা তাদের অভিজ্ঞতা এবং বেস্ট প্র্যাকটিসগুলো সবার সাথে শেয়ার করেন। ব্লু-স্টার প্রোভাইডারগণ সক্রিয়ভাবে অনুষ্ঠানে অংশগ্রহণ করেন এবং ভবিষ্যতে নেটওয়ার্কটিকে কিভাবে আরো কার্যকর করা যায় সে ব্যাপারে কিছু প্রস্তাবনা রাখেন। স্থানীয় জনগোষ্ঠীর উপর রোহিঙ্গা অনুপ্রবেশের প্রভাব এবং কিভাবে তা মোকাবেলা করা যায়, সে বিষয়েও সভায় আলোচনা করা হয়।

এসএমসি ও এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব সিদ্দিকুর রহমান চৌধুরী সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এসএমসির এমডি ও সিইও জনাব মোঃ আলী রেজা খান, চীফ অফ প্রোগ্রাম অপারেশনস জনাব তছলিম উদ্দিন খান এবং অন্যান্য উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। পারস্পরিক শিক্ষার ক্ষেত্রে এই সভাটি খুবই সহায়ক ছিল এবং ব্লু-স্টার প্রোভাইডারদের প্রেরণা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে যা সার্বিকভাবে এই অঞ্চলের প্রোগ্রামের কর্মক্ষমতা বাড়াতে সাহায্য করবে।

## এলএআরসি জনপ্রিয়করণে আমাদের প্রচেষ্টা অব্যাহত




এসএমসি, আইইউডি ও ইমপ্ল্যান্ট সেবা প্রদানের জন্য ইউএসএআইডি-মার্কেটিং ইনোভেশান্স ফর সাস্টেইনেবেল হেলথ ডেভেলপমেন্ট প্রোগ্রামের অধীনে বেসরকারি ডাক্তারদের মাধ্যমে পিঙ্ক স্টার প্রোগ্রাম পরিচালনা করছে। গত ৯ জুলাই, ২০১৮ তারিখে ময়মনসিংহ রিজিওনের পিঙ্ক স্টার প্রোগ্রামের ডাক্তারদের সাথে একটি অভিজ্ঞতা বিনিময় এবং পারফরম্যান্স পর্যালোচনা সভার আয়োজন করে। সভায় প্রোভাইডারদের পারফরম্যান্স পর্যালোচনা করা সহ বেস্ট প্র্যাকটিসসমূহ, শিক্ষণীয় বিষয় এবং এলএআরসি পারফরম্যান্সের মান আরও উন্নত করার উপায় নিয়ে আলোচনা করা হয়। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ময়মনসিংহ জেলার সিভিল সার্জন ডাঃ এ কে এম আব্দুর রব; চীফ অফ প্রোগ্রাম অপারেশনস, এসএমসি, জনাব তছলিম উদ্দিন খান এবং অবস্টেট্রিক্যাল এন্ড গাইনোকোলজিক্যাল সোসাইটি অফ বাংলাদেশের সদ্য প্রাক্তন সেক্রেটারি জেনারেল অধ্যাপিকা ফারহানা দেওয়ান প্রমুখ।


# এসএমসির সাথে চুক্তিবদ্ধ হলো মাস্টহেড পিআর


সম্প্রতি সোশ্যাল মার্কেটিং কোম্পানী তার কর্পোরেট অ্যাফেয়ার্স এজেন্সি হিসেবে মাস্টহেড পিআরকে নিযুক্ত করেছে। চুক্তি অনুযায়ী মাস্টহেড পিআর এসএমসিকে এক্সক্লুসিভ পিআর প্ল্যানিং এবং কর্পোরেট অ্যাফেয়ার্স সল্যুশন প্রদান করবে। দুই পক্ষের মধ্যে গত সেপ্টেম্বর ৩, ২০১৮ তারিখে ঢাকায় এসএমসির প্রধান কার্যালয়ে এই মর্মে চুক্তি স্বাক্ষরিত হয়। জনাব শফি উদ্দিন আহমেদ এফসিএ, চীফ অফ ফাইন্যান্স এ্যান্ড এ্যাকাউন্টস, এসএমসি এবং মাস্টহেড পিআর এর এক্সিকিউটিভ ডিরেক্টর সালমা আদিল নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই চুক্তিতে স্বাক্ষর করেন। জনাব মো: আলী রেজা খান, ম্যানেজিং ডিরেক্টর ও সিইও, এসএমসি এবং দুই প্রতিষ্ঠানের উধ্বর্তন কর্মকর্তাবৃন্দ এসময় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।





# আমাদের মাঠ-পর্যায়ের কার্যক্রমে আধুনিক প্রযুক্তি

সম্প্রতি বিজনেস অটোমেশন প্রক্রিয়ার অংশ হিসেবে এসএমসি এবং তার লাভজনক সাবসিডিয়ারি প্রতিষ্ঠান এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডের সামগ্রিক মাঠ-পর্যায়ের কার্যক্রমকে আধুনিক মোবাইল এবং ওয়েব-ভিত্তিক সফটওয়্যার অ্যাপ্লিকেশন ব্যবহারের মাধ্যমে কাগজবিহীন করা হয়েছে। কনজিউমার, ফার্মাসিউটিক্যাল এবং প্রোগ্রাম ডিভিশনের সেলস টিমের সদস্যগণ তাদের দৈনন্দিন কার্যক্রমের জন্য অ্যাপ্লিকেশনগুলো ব্যবহার করছেন যেগুলোর নাম যথাক্রমে 'ই-সেলস,' 'ই-ফার্মা,' এবং 'ই-ফোর্ট'। প্রতিষ্ঠানের সকল মাঠপর্যায়ের কর্মকর্তাগণ অত্যাধুনিক এই অ্যাপ্লিকেশনগুলিকে খুব সহজেই ব্যবহার করছেন, যা কোম্পানির সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়া দ্রুততর করছে। এসএমসির এমআইএস ও আইটি টিম মাঠ পর্যায়ের সহজ সেবা প্রদানের মাধ্যমে অ্যাপ্লিকেশনগুলোর নিরবচ্ছিন্ন কর্মকান্ড নিশ্চিত করেছে। এই অটোমেশন সেলস টিমের সদস্যদেরকে তাদের স্মার্টফোন ব্যবহার করে ইলেকট্রনিক বিক্রয় চালান তৈরি করতে এবং প্রোডাক্ট ইনভেন্টরি লেভেলের ব্যবস্থাপনা করতে সহায়তা করছে। এসএমসি ম্যানেজমেন্ট এখন জিওগ্রাফিক ইনফরমেশন সিস্টেম (জিআইএস) এবং গোবাল পজিশনিং সিস্টেম (জিপিএস) ব্যবহার করে ব্যবসায়িক তথ্যের রিয়েল টাইম বিশ্লেষণ করতে পারেন। বিশ্বের অগ্রগতির সাথে তাল মিলিয়ে ব্যাবসায়িক কার্যক্রমকে উন্নত করার উদ্দেশ্যে আগামী দিনগুলোতে এসএমসি নতুন প্রযুক্তি এবং পদ্ধতি প্রণয়নের ব্যাপারে বিশেষ গুরুত্ব আরোপ করবে।







# ডব্লিউপিডি-২০১৮ তে এসএমসি সবার নজরে



গত ১১ জুলাই, ২০১৮ তারিখ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নেতৃত্বে সারাদেশে বিশ্ব জনসংখ্যা দিবস-২০১৮ পালিত হয়। দিবসের প্রধান অনুষ্ঠান ঢাকাস্থ ওসমানী স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠিত হয় যেখানে জাতীয় সংসদের মাননীয় স্পীকার ড. শিরীন শারমিন চৌধুরী, এমপি, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। দিবসটি উপলক্ষে ওসমানী স্মৃতি মিলনায়তনে এসএমসি একটি স্টল স্থাপন করে যেখানে প্রতিষ্ঠানটি তার বিভিন্ন জনস্বাস্থ্য পণ্য এবং প্রোগ্রাম প্রদর্শন করে। মাননীয় স্পীকার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী এবং অন্যান্য উধ্বর্তন কর্মকর্তাগণ এসএমসির স্টল পরিদর্শন করেন। মাননীয় স্পীকার স্বাস্থ্য ও পুষ্টিতে, বিশেষত জাতীয় পরিবার পরিকল্পনা কর্মসূচিতে অসামান্য অবদান রাখার জন্য এসএমসির ভূয়সী প্রশংসা করেন। এছাড়াও, সরকার এবং এনজিও/আইএনজিওর সঙ্গে ১৩টি কম-কার্যকরী এমআইএসএইচডি প্রকল্পিত জেলায় দিবসটির অনুষ্ঠানগুলোতেও এসএমসি অংশগ্রহণ করেছে।

দিবসটির তাৎপর্য তুলে ধরতে চ্যানেল আইতে ১১ই জুলাই একটি টেলিভিশন টক-শো প্রচারিত হয় যা এসএমসি এবং স্বর্ণকিশোরী নেটওয়ার্ক ফাউন্ডেশন যৌথভাবে আয়োজন করে যেখানে পরিবার পরিকল্পনা এবং মানবাধিকার বিষয়ে আলোকপাত করা হয়। টক-শোতে অংশগ্রহণ করেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, জনাব জাহিদ মালেক, এমপি এবং উচ্চপর্যায়ের নীতিনির্ধারক এবং জনসংখ্যা বিশেষজ্ঞগণ।



## স্কুলে জয়া ও টেস্ট মি

মাসিককালীন যথাযথ স্বাস্থ্য ও পরিচ্ছন্নতা সম্পর্কে শিক্ষিত করার উদ্দেশ্যে জয়া ব্র্যান্ডের সহযোগীতায় এসএমসি সারাদেশব্যাপী ৬০টি বালিকা বিদ্যালয়ে মাসিক ব্যবস্থাপনার উপর বিশেষ প্রশিক্ষণ কর্মসূচী পরিচালনা করে। ছাত্রীদের মাসিক চক্রের সময়ের চ্যালেঞ্জ, সংকট এবং ভয়ভীতি কাটিয়ে উঠার দক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যে এই প্রশিক্ষণ কর্মসূচীর উদ্যোগ নেয়া হয়। চমৎকার এই উদ্যোগে টেস্ট মি রিফ্রেশমেন্ট পার্টনার হিসেবে অংশগ্রহণ করে যেখানে ৩০,০০০ শিক্ষার্থীকে বিনামূল্যে টেস্ট মি প্যাক দেওয়া হয়।

## নটর ডেম ক্যাম্পাসকে সতেজ করলো টেস্ট মি

গত ৩০ আগস্ট থেকে ১ সেপ্টেম্বর ২০১৮ পর্যন্ত নটর ডেম কলেজ প্রাঙ্গণে তাদের বার্ষিক বিজ্ঞান মেলা আয়োজন করা হয়। মেলায় শিক্ষার্থী, প্রাক্তন শিক্ষার্থী এবং অভিভাবকসহ প্রায় ১৩,০০০ অংশ-গ্রহণকারী উপস্থিত ছিলেন। এসএমসির টেস্ট মি রিফ্রেশমেন্ট পার্টনার হিসাবে এই মেলায় অংশগ্রহণ করে এবং বিনামূল্যে টেস্ট মি বিতরণ করে দর্শনার্থীদের মাঝে উৎসাহের সৃষ্টি করে।



## বিশ্বকাপে দেশী চ্যানেলের পর্দায় এসএমসি

বিশ্বকাপ ২০১৮ এর সরাসরি সম্প্রচারে এসএমসি এন্টারপ্রাইজের বিভিন্ন কনজিউমার ব্র্যান্ডের উজ্জ্বল উপস্থিতি লক্ষণীয় ছিলো। গত ১৪ জুন থেকে ১৫ জুলাই ২০১৮ পর্যন্ত রাশিয়ায় এবারের ফিফা বিশ্বকাপ অনুষ্ঠিত হয়। মাছরাঙ্গা ও নাগরিক স্যাটেলাইট টিভি চ্যানেলে এই গুরুত্বপূর্ণ ইভেন্টের সরাসরি সম্প্রচারের সময় ওরস্যালাইন-এন, টেস্ট মি এবং বোল্টের টিভি বিজ্ঞাপনসমূহ প্রচারিত হয়। দর্শক জনপ্রিয়তা বৃদ্ধির উদ্দেশ্যে এই বিশ্বকাপকে উপলক্ষ করে টেস্ট মি একটি নতুন টিভিসি সম্প্রচার করে।

## ২০১৮ সালে ব্লু-স্টার নেটওয়ার্কে নতুন এনজিএমপি অন্তর্ভুক্ত




এসএমসির ব্লু-স্টার প্রোগ্রাম ২০১৮ সালে সারাদেশে মৌলিক প্রশিক্ষণ পরিচালনা করার পর ১,০২০ জন নন-গ্রাজুয়েট মেডিক্যাল প্র্যাকটিশনারদের অন্তর্ভুক্ত করেছে। এআইটিএএম ওয়েলফেয়ার অর্গানাইজেশন নামক প্রসিদ্ধ ও সুপরিচিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রশিক্ষকগণ এসএমসি এবং ডিজিএফপির ক্লিনিকাল কন্ট্রাসেপ্টিভ সার্ভিস ডেলিভারি (সিসিএসডিপি) ইউনিটের সরাসরি তত্ত্বাবধানে এই প্রশিক্ষণ সেশনগুলো পরিচালনা করেন। সিসিএসডিপি, ডিজিএফপি এর লাইন ডিরেক্টর এবং প্রোগ্রাম ম্যানেজারগণ বিভিন্ন জেলাতে প্রশিক্ষণ সেশন পর্যবেক্ষণ করেন। প্রশিক্ষণ পাঠ্যক্রমের মধ্যে ছিলো পরিবার পরিকল্পনার গর্ভনিরোধক পদ্ধতি, মাতৃ, শিশু স্বাস্থ্য ও পুষ্টি, পাঁচ বছরের শিশুর বৃদ্ধি পর্যবেক্ষণ করা, এলএআরসি/পিএম এবং সন্দেহজনক টিবির কেইস রেফারেল। বর্তমানে ৬,৮০০ জন ব্লু-স্টার প্রোভাইডার দেশের বেশিরভাগ উপজেলায় তাদের নিজ নিজ এলাকায় জনস্বাস্থ্য অগ্রাধিকার সেবা প্রদান করছে।

## লেডি কনস্টেবলদের ব্যক্তিগত স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধিতে রংপুর এরিয়া অফিস

এসএমসি ইএলের রংপুর এরিয়া অফিস গত ১১ জুলাই, ২০১৮ তারিখে রংপুরের পুলিশ ট্রেনিং সেন্টারে শিক্ষানবিস লেডি কনস্টেবলদের নিয়ে 'ব্যক্তিগত স্বাস্থ্যবিধি' শীর্ষক একটি অধিবেশনের আয়োজন করে। ১,২০০ এর অধিক লেডি কনস্টেবল এই সেশনে অংশগ্রহণ করেন। রংপুর মেডিকেল কলেজের প্রভাষক ডাঃ মুনিরা বেগম অধিবেশনে মূল বক্তা হিসেবে উপস্থিত ছিলেন। সাধারণত, নিম্ন মধ্যম আয়ের মেয়েরা এবং অল্পবয়সী মহিলারা মাসিক ব্যবস্থাপনার ধারণার সাথে কম পরিচিত।



ডাঃ মুনিরা হাইজিন সংক্রান্ত তথ্য, সামাজিক বাধা এবং মাসিককালীন অস্বাস্থ্যকর ব্যবস্থাপনার হুমকি নিয়ে বিস্তারিত আলোচনা করেন। অনুষ্ঠানের উদ্বোধন করেন রংপুরের পুলিশ ট্রেনিং সেন্টারের কমান্ড্যান্ট এবং অতিরিক্ত ডিআইজি জনাব এম মাহবুব আলম, পিপিএম। কমান্ড্যান্ট তাঁর বক্তব্যে এসএমসির প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং এ ধরনের গুরুত্বপূর্ণ একটি অনুষ্ঠান আয়োজনের জন্য এসএমসিকে ধন্যবাদ জানান। তিনি দেশের বৃহত্তর স্বার্থে এসএমসিকে এধরনের প্রশিক্ষণ কর্মসূচী চালিয়ে যাবারও অনুরোধ করেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে এসএমসির রংপুর এরিয়া অফিস ও পুলিশ ট্রেনিং সেন্টারের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## দক্ষ মানব সম্পদ আমাদের কাছে অনেক গুরুত্বপূর্ণ



গত ১-৫ জুলাই, ২০১৮ তারিখে এসএমসি ঢাকায় 'Presentation and Writing Skill' শীর্ষক পাঁচ দিনব্যাপী একটি কর্মশালার আয়োজন করে। এসএমসি ও এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডের ২৩ জন মধ্য-পর্যায়ের কর্মকর্তাগণ এই কর্মশালায় অংশগ্রহণ করেন। পপুলেশন সার্ভিসেস ইন্টারন্যাশনালের দুইজন কনসালটেন্ট প্রশিক্ষণ সেশনগুলো পরিচালনা করেন। অংশগ্রহণকারীগণ কর্মশালায় অফিসিয়াল যোগাযোগ এবং প্রেজেনটেশনসহ লেখার দক্ষতার উপর আধুনিক কৌশল সম্পর্কে জ্ঞান অর্জন করেন। কর্মশালা শেষে অংশগ্রহণকারীদের মাঝে সনদপত্র বিতরণ করেন এসএমসির ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব মোঃ আলী রেজা খান।

## বাজারে ফার্মার নতুন প্রোডাক্ট

এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডের ফার্মাসিউটিক্যাল ডিভিশন ২০১৭ সালের আগস্ট মাসে যাত্রা শুরু করে যার মূল উদ্দেশ্য ছিলো "সাশ্রয়ী মূল্যের ঔষধের অভাবে জনসাধারণের বিশেষ করে কম সুবিধাভোগী জনগোষ্ঠীর যেন কোন দুর্ভোগ পোহাতে না হয়।" এসএমসি ফার্মাসিউটিক্যাল ব্যবসা পরিচালনার স্লোগান হলো, আর্থ-সামাজিক অবস্থা এবং অর্থ প্রদানের ক্ষমতা নির্বিশেষে "সকলের জন্য মানসম্মত ঔষধ সরবরাহ করা।" ফার্মাসিউটিক্যালটি বাজারে ১৮টি পণ্য সরবরাহ করে থাকে যার মধ্যে রয়েছে অ্যান্টি-আলসারেন্ট, এনএস-এআইডি, অ্যান্টি-হিস্টামিন, অ্যান্টি-এজম্যাটিক, অ্যান্টি-স্পাসমোডিক এবং মিনারেল সাপলিমেন্ট। এই ঔষধগুলো ওটিসি ক্যাটেগরি এবং বিশেষ থেরাপিউটিক শ্রেণীর অন্তর্ভুক্ত। ২০১৮ সালের জুলাই মাসে এসএমসি ফার্মাসিউটিক্যাল ডিভিশন তিনটি নতুন পণ্য চালু করেছে:




- এসএমসি জিংক সিরাপ (শারীরিক গঠন বৃদ্ধি, মস্তিষ্কের বিকাশ এবং রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধিতে ব্যবহারযোগ্য)
- মোটিকেয়ার (বমি বমি ভাব, গ্যাস এবং পেট ফুলে যাওয়া, পোস্টপ্রান্ডিয়াল ফুলনেস, জিইআরডি, হার্টবার্ন ইত্যাদির চিকিৎসার জন্য)
- কফমেল্ট সিরাপ (কাশির সঙ্গে মিউকাসের চিকিৎসার জন্য)

"মুনাফা প্রাথমিকভাবে সামাজিক উন্নতিতে অবদান রাখবে" এই দর্শনকে সামনে রেখে কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনের উদ্দেশ্যে আমাদের ফার্মা ডিভিশন সকল উদ্যোগ গ্রহণ করছে।

উপদেষ্টাঃ মোঃ আলী রেজা খান; প্রকাশনা ও সার্কুলেশনঃ কর্পোরেট এ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট; কৃতজ্ঞতাঃ সকল বিভাগকে তথ্য দিয়ে সহযোগীতার জন্য;
ঠিকানাঃ এসএমসি টাওয়ার, ৩৩ বনানী বা/এ, ঢাকা-১২১৩, বাংলাদেশ।
পিএবিএক্সঃ +(৮৮০২) ৯৮২১০৭৪-৮০, ৯৮২১০৯০, ৯৮২১০৯৩, ওয়েবসাইটঃ www.smc-bd.org